



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন  
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
সংস্থাপন বিভাগ  
[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)



জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসির নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের (জুলাই ২০২১- সেপ্টেম্বর ২০২১)  
সভার কার্যবিবরণী

সভাপতি : ড. অমিতাভ সরকার, চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি।  
তারিখ ও সময় : ৩০ সেপ্টেম্বর ২০২১; বেলা ১২:০০ ঘটিকা।  
স্থান : Zoom Cloud Meeting প্ল্যাটফর্মে অনলাইন মিটিং।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে Zoom Cloud Meeting প্ল্যাটফর্মে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ওপর কৃষি মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত মূল্যায়নে কৃষি মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাগুলোর মধ্যে বিএডিসি ৩য় স্থান অর্জন করতে সক্ষম হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আগামীতে আরও ভালো করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে যুগ্মপরিচালক (সংস্থাপন) ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টার (জুলাই ২০২১- সেপ্টেম্বর ২০২১) এর সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করেন:

ক্রঃ নং	আলোচ্য বিষয়/ কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/পদবি
১।	নৈতিকতা কমিটির সভা আয়োজন	জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির সদস্য হিসেবে বিএডিসি'র সদস্য পরিচালকবৃন্দ সভায় বিভিন্ন ধরনের দিক নির্দেশনা প্রদান করেন। সভাপতি প্রতি কোয়ার্টারে নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসির নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ার জন্য এবং সভার সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।	প্রতি কোয়ার্টারে জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির সভা কর্ম-পরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সভা আয়োজন করতে হবে।	সচিব, বিএডিসি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
২।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভায় নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয় এবং যথাসময়ে বাস্তবায়ন সম্পন্ন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।	সংশ্লিষ্ট উইং/ বিভাগীয় প্রধান, বিএডিসি।
৩।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	সভায় যুগ্মপরিচালক (সংস্থাপন) জানান যে, ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ০১টির বিপরীতে গত ২৩/০৯/২০২১ তারিখে সচিব, বিএডিসি'র সভাপতিত্বে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করতে নির্দেশনা প্রদান করেন।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে কর্মপরিকল্পনা মোতাবেক প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করতে হবে।	সংশ্লিষ্ট উইং/বিভাগীয় প্রধান, বিএডিসি।

ক্রঃ নং	আলোচ্য বিষয়/ কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/পদবি
৪।	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	যুগ্মপরিচালক (নিয়োগ ও কল্যাণ) সভায় জানান যে, ২০২১-২২ কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারে শুদ্ধাচার বিষয়ে নিয়োগ ও কল্যাণ বিভাগ কর্তৃক মোট ১২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভাপতি শুদ্ধাচার প্রতিষ্ঠায় প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ করেন এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে এ সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী যথাসময়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে।	যুগ্মপরিচালক (নিয়োগ ও কল্যাণ), বিএডিসি।
৫।	কর্ম-পরিবেশ উন্নয়ন ১) স্বাস্থ্যবিধি অনুসরণ ২) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ ৩) বিএডিসি'র কৃষি ভবনের (সদর দপ্তর) সৌন্দর্যবর্ধন	সভায় যুগ্মপরিচালক (সংস্থাপন) জানান যে, কৃষি ভবনের ছাদের উপর সৌন্দর্যবর্ধনের নিমিত্ত ছাদ বাগান এবং আগত অতিথিদের সেড নির্মাণ করা হয়েছে। কৃষি ভবনের ছাদ বাগানের ওপর চ্যানেল আই এর হৃদয়ে মাটি ও মানুষ অনুষ্ঠানে বিএডিসি'র ছাদ কৃষি নিয়ে তৈরীকৃত অনুষ্ঠানটি গত ০৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে প্রচার করা হয়। এছাড়াও, তিনি জানান যে কর্ম-পরিবেশ উন্নয়নের অংশ হিসেবে সংস্থাপন বিভাগে আধুনিকায়নের আজ চলমান রয়েছে। সভাপতি কর্ম-পরিবেশ উন্নয়নের নিমিত্ত স্বাস্থ্যবিধি অনুসরণ, টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ ও কৃষি ভবন (সদর দপ্তর) সহ বিএডিসি'র সৌন্দর্যবর্ধনের কাজ যথাসময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।	কর্ম-পরিবেশ উন্নয়নের নিমিত্ত স্বাস্থ্যবিধি অনুসরণ, টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ ও কৃষি ভবন(সদর দপ্তর) সহ বিএডিসি'র মাঠ পর্যায়ের সকল দপ্তরে সৌন্দর্যবর্ধনের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।	সকল বিভাগীয় প্রধান/ যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা)/ উদ্যান উন্নয়ন বিভাগ, বিএডিসি।
৬।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	যুগ্মপরিচালক (সংস্থাপন) সভাকে অবহিত করেন যে, গত ০৮/০৬/২১ তারিখে সংস্থাপন বিভাগের স্মারক নম্বর-১০০৭ এর মাধ্যমে বিএডিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং কর্ম-পরিকল্পনাটি বিএডিসি'র ওয়েবসাইটেও আপলোড করা হয়েছে। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১ - ২২ অনুযায়ী ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথাসময়ে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ ও বিএডিসি'র ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশনা প্রদান করেন।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথাসময়ে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ও বিএডিসি'র ওয়েবসাইটে আপলোড করতে হবে।	যুগ্মপরিচালক (সংস্থাপন) ও কো-অর্ডিনেটর (আইসিটি), বিএডিসি।
৭।	আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	সভায় যুগ্মপরিচালক (সংস্থাপন) জানান যে, গত ১৬/০৬/২০২১ তারিখে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে সচিব, বিএডিসি মহোদয়ের সভাপতিত্বে বিএডিসি'র মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ওপর ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি যথাসময়ে বিএডিসি'র মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সম্পন্ন করতে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর যথাসময়ে ফিডব্যাক প্রদান সম্পন্ন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও যুগ্মপরিচালক (সংস্থাপন), বিএডিসি।



ক্রঃ নং	আলোচ্য বিষয়/ কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/পদবি
৮।	শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ	সভায় যুগ্মপরিচালক (নিয়োগ ও কল্যাণ) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী আগামী ২৬/০৬/২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি যথাসময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন।	কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	যুগ্মপরিচালক (নিয়োগ ও কল্যাণ) ও কো-অর্ডিনেটর (আইসিটি), বিএডিসি।
৯।	২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ	২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) সংস্থার ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় সভাপতি অনুমোদিত ক্রয় পরিকল্পনা মোতাবেক পিপিআর ২০০৮ এবং আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক টেন্ডার আহবানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। অনুমোদিত ক্রয় পরিকল্পনা মোতাবেক পিপিআর ২০০৮ এবং আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক টেন্ডার আহবান করতে হবে।	প্রধান (পরিকল্পনা), বিএডিসি ও কো-অর্ডিনেটর (আইসিটি)/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বিএডিসি
১০।	প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	সভায় প্রধান (পরিকল্পনা) জানান যে, ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা PSC-০৬টি ও PIC-০৬টি সভার বিপরীতে ১৮টি PSC সভা ও ২৩টি PIC সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি যথাসময়ে প্রকল্পের PSC ও PIC সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন।	কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন সম্পন্ন করতে হবে।	প্রধান (পরিকল্পনা), বিএডিসি/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বিএডিসি
১১।	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	সভাপতি বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন এবং যথাসময়ে বাস্তবায়ন অগ্রগতির তথ্য সংস্থাপন বিভাগে প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন।	কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্য যথাসময়ে সংস্থাপন বিভাগে প্রেরণ করতে হবে।	প্রধান (মনিটরিং), বিএডিসি/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বিএডিসি
১২।	প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা	সভায় প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে।	যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা), বিএডিসি।
১৩।	সেবা সহজীকরণের লক্ষ্যে চাকুরীতে নির্ধারিত সর্বোচ্চ বয়সসীমা পূর্তির ০১ বছর পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিতকরণ	সভায় যুগ্মপরিচালক (সংস্থাপন) জানান যে, চাকুরীতে নির্ধারিত সর্বোচ্চ বয়সসীমা পূর্তির ০১ বছর পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীকে পত্রের মাধ্যমে বা ইমেইলে অবহিত করা হচ্ছে। সভাপতি এ উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং চাকুরীতে নির্ধারিত সর্বোচ্চ বয়সসীমা পূর্তির ০১ বছর পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিতকরণ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	চাকুরীতে নির্ধারিত সর্বোচ্চ বয়সসীমা পূর্তির ০১ বছর পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিতকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। অবসরোত্তর কর্মকর্তা/ কর্মচারীদের পাওনা পরিশোধ দ্রুততার মধ্যে সম্পন্ন করতে হবে।	কল্যাণ কর্মকর্তা, সংস্থাপন বিভাগ, বিএডিসি।



ক্রঃ নং	আলোচ্য বিষয়/ কার্যক্রমের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/পদবি
১৪।	এপিএ এবং শুদ্ধাচার বাস্তবায়নে অংশীজনকে (stakeholders) সার্বিক সহযোগীতা প্রদানের নিমিত্ত হেল্প ডেস্ক স্থাপন (সদর দপ্তর)	সভায় এপিএ এবং শুদ্ধাচার বাস্তবায়নে অংশীজনকে (stakeholders) সার্বিক সহযোগীতা প্রদানের নিমিত্ত বিএডিসি'র সদর দপ্তরে হেল্প ডেস্ক স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	এপিএ এবং শুদ্ধাচার বাস্তবায়নে অংশীজনকে (stakeholders) সার্বিক সহযোগীতা প্রদানের নিমিত্ত পরিকল্পনা মোতাবেক বিএডিসি'র সদর দপ্তরে হেল্প ডেস্ক স্থাপন করতে হবে। উক্ত ডেস্কে একজন কর্মচারী পদায়ন করতে হবে।	পরিকল্পনা বিভাগ/ মনিটরিং বিভাগ/ সংস্থাপন বিভাগ, বিএডিসি, ঢাকা।
১৫।	দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ	সভায় যুগ্মপরিচালক (নিয়োগ ও কল্যাণ) জানান যে, দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক মোট ৩০ (ত্রিশ) জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভাপতি দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে যথসময়ে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে নির্দেশনা প্রদান করেন।	পরিকল্পনা অনুযায়ী দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।	যুগ্মপরিচালক (নিয়োগ ও কল্যাণ)
১৬।	নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত ও মনিটরিং	সভায় নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত ও মনিটরিং এর বিষয়ে আলোচনা হয়। সভাপতি নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত করতে এবং বিষয়টি মনিটরিং করতে নির্দেশনা প্রদান করেন।	নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত করতে হবে এবং এ বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করতে হবে।	মহাব্যবস্থাপক (তদন্ত) ও যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা)
১৭।	অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) অপ্ৰয়োজনীয় ব্যবহার প্রতিরোধে গঠিত কমিটি কর্তৃক পরিবীক্ষণ ও পরিদর্শন	সভায় প্রধান প্রকৌশলী (নির্মাণ) সভায় জানান যে, অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) ব্যবহারের ক্ষেত্রে সশরয়ী হওয়ার জন্য বিএডিসি'র সকল বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে (স্মারক নম্বর-৮৩, তারিখ- ১৯/০৯/২০২১)। এছাড়াও, কমিটি গঠনের প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। সভাপতি অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) অপ্ৰয়োজনীয় ব্যবহার প্রতিরোধে কমিটি গঠন করতে এবং উক্ত কমিটি কর্তৃক পরিবীক্ষণ ও পরিদর্শন সম্পন্ন করতে নির্দেশনা প্রদান করেন।	অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) অপ্ৰয়োজনীয় ব্যবহার প্রতিরোধে কমিটি গঠন করতে হবে এবং উক্ত কমিটি কর্তৃক পরিবীক্ষণ ও পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. অমিতাভ সরকার)  
চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি

ও  
সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সম্পর্কিত  
নৈতিকতা কমিটি।